

# পাসপোর্ট(এমআরপি) রি-ইস্যু/তথ্য পরিবর্তন/সংশোধন এর নিয়মাবলী ও আবেদন ফরম

পাসপোর্ট নবায়ন এর জন্য এই ফরমটি পূরণ করে বর্তমান পাসপোর্ট এর ফটোকপি ও ব্যাংকে টাকা জমার রশিদ সংযুক্ত করতে হবে এবং মূল পাসপোর্টটি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

তথ্য পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমানপত্র সংযুক্ত করতে হবে।

ক) সরকারি, আধাসরকারী, স্বায়ত্তশাসিত ও রাষ্ট্রায়ত্ত সংস্থার স্থায়ী কর্মকর্তা/ কর্মচারী ও তাদের স্বামী/স্ত্রী, এবং সরকারি চাকুরীজীবির নির্ভরশীল ১৫ (পনের) বৎসরের কম বয়সী সন্তান সাধারণ ফি জমা করে জরুরি সুবিধা পাবেন। এক্ষেত্রে নিজ নিজ প্রতিষ্ঠান থেকে অনাপত্তি সনদ (NOC) ওয়েব সাইটে আপলোড পূর্বক দাখিল করতে হবে।

খ) অবসরপ্রাপ্ত সরকারি চাকুরীজীবী ও তাদের স্বামী/স্ত্রী সাধারণ ফি জমা করে জরুরি সুবিধা পাবেন। এক্ষেত্রে অবসরের সনদ জমা দিতে হবে।

গ) বিদ্যমান মেশিন রিডেবল পাসপোর্টের তথ্য পরিবর্তনের ক্ষেত্রে রি-ইস্যুর আবেদনের জন্য নিম্নরূপ কাগজপত্র প্রয়োজন।

ক্রঃনং	পরিবর্তনযোগ্য তথ্য	কাগজপত্র
১.	ডাক্তার, ইঞ্জিনিয়ার, উকিল, ড্রাইভার ইত্যাদি টেকনিক্যাল পেশা	শিক্ষাগত/পেশাগত সনদ
২.	নিজের নাম/পিতা/মাতার নাম আংশিক পরিবর্তন	পিএসসি/জেএসসি/এসএসসি সনদ বা প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত হলফনামার সাথে মিল রেখে সংশোধিত জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ।
৩.	নিজের নাম/পিতা/মাতার নাম পূর্ণাঙ্গ পরিবর্তন (এরূপ ক্ষেত্রে প্রধান কার্যালয়ের অনুমোদনের পর পাসপোর্ট ইস্যু করা হবে)	(১) পিএসসি/জেএসসি/এসএসসি সনদ। শিক্ষাগত সনদ না থাকলে প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক প্রদত্ত হলফনামা। (২) পুলিশ প্রতিবেদন (এর জন্য পূরণকৃত ১ কপি রি-ইস্যু ফরম ও ১ কপি সত্যায়িত নতুন আবেদন ফরম-ডিআইপি ফরম-১)।
৪.	বৈবাহিক অবস্থা পরিবর্তন/বিবাহ বিচ্ছেদের ক্ষেত্রে	নিকাহনামা/ তালাকনামা (যেখানে যে টি প্রযোজ্য)।
৫.	জন্ম তারিখ পরিবর্তন	পিএসসি/জেএসসি/এসএসসি সনদ অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে) সংশোধিত জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্র।
৬.	স্থায়ী ঠিকানা	পুলিশ প্রতিবেদন (এর জন্য পূরণকৃত ১ কপি রি-ইস্যু ফরম ও ১ কপি সত্যায়িত নতুন আবেদন ফরম-ডিআইপি ফরম-১)।

বিঃ দ্রঃ- রি-ইস্যুর আবেদনপত্র জমা এবং ইস্যুকৃত পাসপোর্ট গ্রহণের সময় পুরাতন পাসপোর্ট অবশ্যই সাথে আনতে হবে।